

২৪/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত মনোবিজ্ঞান বিভাগের একাডেমিক কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, শিক্ষার্থীদের বিভিন্ন সার্টিফিকেট (Studentship, Medium of instruction Certificate, Testimonial, Appeared Certificate, Character Certificate, Position Certificate, Transcript) সরোচ্চ সাত কর্মদিবসের মধ্যে নিম্নোক্ত ফি সাপেক্ষে বিভাগ থেকে প্রদান করা হবে।

অফলাইন আবেদন ফি ৪০০/- (চার শত) টাকা

অনলাইন আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা

শিক্ষার্থীরা অফলাইন অনলাইন উভয় পদ্ধতিতে আবেদন করতে পারবে।

অফলাইনে আবেদনের নিয়মাবলী :

আবেদনের নির্ধারিত ফি জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা, হিসাব নং ০১০০২২৭৬৩৪২০৫ এ জমা দিতে হবে। ব্যাংক জমা-রশিদের মূলকপি সহ ০২ টি ফটোকপি বিভাগীয় সিনিয়র টেকনিক্যাল অফিসার জনাব মোঃ কামরুজ্জামান এর নিকট জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করতে হবে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ অফিসে জমা দিতে হবে।

সনদের নাম	প্রয়োজনীয় কাগজ	কপির পরিমাণ
মিডিয়াম অব ইন্সট্রাকশন	সংশ্লিষ্ট বর্ষের মার্কশীট	সত্যায়িত ১ কপি
স্টুডেন্টশীপ	স্টুডেন্ট আইডি কার্ড এবং মার্কশীট	প্রতিটির সত্যায়িত ১ কপি
প্রশংসাপত্র	৪র্থ বর্ষ এবং এম.এস. শ্রেণীর মার্কশীট	প্রতিটির সত্যায়িত ১ কপি
চারিত্রিক সনদপত্র	সংশ্লিষ্ট বর্ষের মার্কশীট	সত্যায়িত ১ কপি
এপিয়ার্ড সনদপত্র	৪র্থ বর্ষ এবং এম.এস. শ্রেণীর পরীক্ষার প্রবেশ পত্র	প্রতিটির সত্যায়িত ১ কপি
ট্রান্সক্রিপ্ট	সকল বর্ষের মার্কশীট	প্রতিটির সত্যায়িত ১ কপি
পজিশন সার্টিফিকেট	৪র্থ বর্ষ এবং এম.এস. শ্রেণীর মার্কশীট	প্রতিটির সত্যায়িত ১ কপি


অনলাইনে আবেদনের নিয়মাবলী :

আবেদনের নির্ধারিত ফি জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা, হিসাব নং ০১০০২২৭৬৩৪২০৫ এ জমা দিতে হবে। বিভিন্ন সার্টিফিকেট এর জন্য আবেদনপত্রের ফরম বিভাগীয় ওয়েব পেইজ <https://du.ac.bd/body/PSY> এর নোটিশ বোর্ড থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করতে হবে। পূরণকৃত আবেদন ফরম, ব্যাংক জমা-রশিদের মূলকপি ও প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্রের স্ক্যান কপি duppsychologyonlineservice@gmail.com মেইলে প্রেরণ করতে হবে।

জরুরী ভিত্তিতে সনদ উত্তোলনঃ জরুরী ভিত্তিতে (০২ কর্মদিবসের মধ্যে) উক্ত সনদসমূহ উত্তোলনের জন্য প্রতিটি আবেদনের বিপরীতে দ্বিগুণ ফি পরিশোধ করতে হবে অর্থাৎ প্রতিটি সনদ উত্তোলনের জন্য অফলাইনে আবেদন ফি ৮০০/- এবং অনলাইনে আবেদন ফি ২০০০/- টাকা পরিশোধ করতে হবে।

বিঃদ্রঃ শিক্ষার্থীরা একটি আবেদনের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে একধিক সনদ উত্তোলন করতে পারবে, তবে প্রতিটির জন্য আলাদা ফি জমা দিতে হবে।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন- ০১৫৭২-০৮২৯৩৬ জনাব মোঃ মায়মুন হাসান, ল্যাব টেকনিশিয়ান, মনোবিজ্ঞান বিভাগ।


২৭/০২/২০২১

মোঃ কামাল উদ্দিন

(পিএইচডি, কিউশু ইউনিভার্সিটি, জাপান)

অধ্যাপক ও চেয়ারম্যান

মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।